



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, রাজশাহী।
৫৭, মোল্লামিল মোড়, শিরোইল, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী।
www.cooperative.rajshahi.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন সমবায় উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৮১০০.০০১.৪২.১২৫.১৮.৩৭৬২

১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়: আনন্দ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড, পবা, রাজশাহী এর নিবন্ধন বাতিলের নোটিশ।

আনন্দ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড (নিবন্ধন নং ১০৬৪ ও তারিখ: ১২-১১-২০১৫খ্রিঃ, মহল্লা:সিলিঙ্গা, পোস্ট:মিয়াপুর, থানা: পবা, জেলা: রাজশাহী) এর পরিদর্শন কালে দেখা যায় নিবন্ধনকালীন কোন সদস্যই বর্তমানে সমিতিতে অন্তর্ভুক্ত নাই। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এর ২৪ ধারা ও ৫৬ বিধিমালা ২০০৪/সংশোধিত ২০২০ এর ৫৬ বিধি অনুযায়ী রেজিস্টার গুলো সংরক্ষণ করা হয় নাই। এ ছাড়াও সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৭(৩) ধারা মোতাবেক বার্ষিক সাধারণ সভা করে নাই, বাজেট অনুমোদন ও আয় ব্যয়ের ভাউচার সংরক্ষণ করে নাই। সমবায় সমিতি বিধিমালা ২০০৪/ সংশোধিত, ২০২০ এর ৬৭(১) বিধি মোতাবেক তারল্য সংরক্ষণ করে নাই, সমবায় সমিতি বিধিমালা ২০০৪/সংশোধিত ২০২০ এর ১০৮ বিধি অনুযায়ী নিরীক্ষা ফি পরিশোধ করে নাই, ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিলও পরিশোধ করে নাই। সমিতিটি সকল ক্ষেত্রে নিবন্ধনের শর্ত ভংগ করেছে। নিবন্ধনের শর্ত ভংগ করায় সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২, ২০১৩) এর ৫৩(গ) ও (ছ) ধারায় কেন সমিতির নিবন্ধন বাতিল করা হবে না তার জবাব আগামী ০৫-৯-২০২৩খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য সমিতি কর্তৃপক্ষকে বলা হলো।

নির্ধারিত সময়ের মধ্যে চাহিত জবাব দাখিল করা না হলে বা প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হলে আনন্দ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড, পবা, রাজশাহী এর নিবন্ধন বাতিল করা হবে।

২৯-০৮-২০২৩

মোঃ সাইদুর রহমান

জেলা সমবায় কর্মকর্তা

০২৫৮৮৮৫০২৫৪ (ফোন)

০২৫৮৮৮৫০২৫৪ (ফ্যাক্স)

dco.rajshahi1@coop.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মোঃ রাজু আহমেদ, সভাপতি, আনন্দ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড, পবা, রাজশাহী। (মহল্লা:সিলিঙ্গা, পোস্ট:মিয়াপুর, থানা: পবা, জেলা: রাজশাহী) (নির্ধারিত সময়ের মধ্যে নোটিশের জবাব দাখিল করার জন্য তাকে বলা হলো।) এবং
- ২। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, পবা, রাজশাহী (সমিতি কর্তৃপক্ষের নোটিশ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য তাকে বলা হলো।)।

